



# 'ব্যানডক' লাইব্রেরীতে পড়াশোনা

বিজ্ঞান ও প্রযুক্তি ক্ষেত্রের নানা ধরনের বই ও সাময়িকীর একটি আধুনিক ও তথ্যবহুল গ্রন্থাগার 'ব্যানডক গ্রন্থাগার'। সায়েন্স ল্যাবরেটরীতে অবস্থিত এই গ্রন্থাগারটি বাংলাদেশ জাতীয় বিজ্ঞান ও কারিগরি তথ্য সংগ্রহ ও বিতরণ কেন্দ্র সংক্ষেপে, ব্যানডক-এর আওতাভুক্ত একটি জাতীয় বিজ্ঞান গ্রন্থাগার।

মূলত পোস্ট-গ্রাজুয়েট ও গবেষণার কাজে নিয়োজিত ছাত্র, শিক্ষক ও গবেষণাকারীদের জন্য সাজানো হয়েছে এই গ্রন্থাগার। ব্যানডক গ্রন্থাগারে ১৭ হাজার পৃষ্ঠা ও কেফায়ের বই রয়েছে। বিজ্ঞান ও প্রযুক্তির যেসব ক্ষেত্রে এখানে বই সংগৃহীত রয়েছে সেগুলি হল- লাইব্রেরি ও তথ্য বিজ্ঞান, কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল, তথ্য যোগাযোগ ও কমিউনিকেশন টেকনোলজি, অংক, ভূমি

বিজ্ঞান, জীব বিজ্ঞান প্রভৃতি। এর সাময়িকী সংগ্রহ বিভাগটি তথ্যবহুল ও মানসম্পন্ন। দেশী-বিদেশী প্রায় ৩০০টি সাময়িকী এখানে রাখা হয়েছে। এসব

সাময়িকী ও বিষয়ভিত্তিক সংরক্ষিত ফাইলগুলো বিভিন্ন গবেষণা ও উন্নয়ন কাজের সঙ্গে পরিচিত হতে সাহায্য করবে। এছাড়াও সংশ্লিষ্ট বিজ্ঞানবিষয়ক এনসাইক্লোপিডিয়া, ডিকশনারি ও জাইকেকটরি, ইচারবুক, ম্যানুয়েল ইত্যাদি ড্রেফারেন্স বই এখানে পাঠকদের জন্য উন্মুক্ত।

ব্যানডক গ্রন্থাগার 'ইলেকট্রনিক/ডিজিটাল গ্রন্থাগার বিভাগ' ১৯৯৯



সালে ভবনের নীচতলায় একটি 'সাইবার সেন্টার' প্রতিষ্ঠা করে। আন্তর্জাতিক তথ্য যোগাযোগ বা নুক্ত তথ্য প্রবাহের সঙ্গে যোগাযোগের জন্য ইউনেস্কো, ইসি, ব্যায়োসিস, আইএনআইএস, আইএসআই, ইনস্পেক

ইত্যাদি আন্তর্জাতিক সংস্থা থেকে বিজ্ঞান ও প্রযুক্তিবিষয়ক কিছু সিডি-রম ডাটাবেজ ব্যানডকের ইলেকট্রনিক/ডিজিটাল গ্রন্থাগার বিভাগে রয়েছে। ব্যবহারকারীরা তাদের প্রয়োজনমত তথ্য সংগ্রহের জন্য সিডি-রম ডাটাবেজ সার্চ, ডাউনলোড এবং প্রিন্ট আউট নিতে পারেন। এখন প্রতি আবেদনী ইটারনেট ব্যবহারের জন্য ফি দিতে হবে ১০ টাকা।

বিজ্ঞান ও প্রযুক্তি বিবিধ বিষয়ে আমরা যে কোন পর্যায়ে আসতে পারেন ব্যানডক।

তরুণ ও অন্যান্য সরকারী ছুটির দিন ছাড়া প্রতিদিন সকাল ৯টা থেকে বিকাল ৪.০০ টা পর্যন্ত বিরতিহীনভাবে উন্মুক্ত থাকে। তবে ২০০২ সালের জাগ্রত মাস থেকে কেবল এর সদস্যদের জন্য গ্রন্থাগারটি ব্যবহারযোগ্য রাখতে সদস্য ফর্ম দোদা তরু হয়েছে। বিনামূল্যে প্রদত্ত সদস্যপদ গ্রহণের আবেদন ফর্ম পূরণ করে, স্ট্যাম্প মানের ২কপি ছবি এবং সেইসঙ্গে ছাত্রদের জন্য শিক্ষা প্রতিষ্ঠান বা বিভাগীয় প্রধানের স্বাক্ষরিত প্রত্যয়নপত্র, অন্যান্য পেশাজীবীর জন্য প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষরিত প্রত্যয়নপত্রসহ ছমা নিলে গ্রন্থাগার বিভাগ 'পরিচয়পত্র' প্রদান করবে।

□ হাসিবা আলী